গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
www.sid.gov.bd

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২" এর স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| সভার তারিখ | : | ০৩-০৯-২০২৩ খ্রি. রোজ রবিবার |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং ১১২২), ব্লক-এ, লেভেল-১০, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা এবং zoom প্লাটফর্মের screen shot পরিশিষ্ট 'ক' -তে দেখানো হয়েছে।

২.০ সভাপতি সভায় উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর তিনি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য সচিব ও উপসচিব, উন্নয়ন-২ অধিশাখাকে আহ্বান জানান।

৩.০ সদস্য সচিব সভায় জানান যে, 'খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প ২০২২' গত ১৭-০১-২০২২ তারিখে অনুমোদন লাভ করে এবং প্রশাসনিক আদেশ জারী হয় ২৪-০১-২০২২ তারিখে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা এবং মেয়াদ জানুয়ারি ২০২২ থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত, সে অনুযায়ী প্রকল্পটি ডিসেম্বর ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। এ পর্যায়ে সভাপতির জিজ্ঞাসার জবাবে সদস্য সচিব জানান যে, প্রকল্পের স্টিয়ারিং কমিটি ৪র্থ সভা ১৯-০৬-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। প্রতি তিন মাস অন্তর অন্তর স্টিয়ারিং কমিটির সভা আহ্বানের নির্দেশনা রয়েছে। তাছাড়া APA'র লক্ষমাত্রা অর্জন এবং ডিসেম্বর ২০২৩ এ প্রকল্পটির মেয়াদ শেষ হয়ে যাবে বিধায় এই সভা করা প্রয়োজন। এই পর্যায়ে সদস্য সচিব বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক জনাব আব্দুল হালিম, যুগ্মপরিচালক, বিবিএসকে আহ্বান জানান।

৪.০ প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে ADP বরাদ্দ ১৬৬.০০ লক্ষ (এক কোটি ছেষট্টি লক্ষ) টাকা, ১ম কিস্তি বাবদ ছাড় হয়েছে ৪১.১২ লক্ষ (একচল্লিশ লক্ষ বারো হাজার) টাকা, ADP বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৫.০৬% এবং ছাড়ের বিপরীতে ব্যয়ের হার ২০.৪৩%। এছাড়া ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি আগস্ট ২০২৩ পর্যন্ত ৩৪.৮৯% এবং বাস্তব অগ্রগতি ৬৫%।

৪.১ প্রকল্প পরিচালক সভায় আরও জানান যে, প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী Food Insecurity Experience Scale (FIES) জরিপ ১৫-২৫ মে ২০২৩ সময়ে সম্পন্ন হয়েছে। জরিপ থেকে প্রাপ্ত তথ্যের গুণগত মান ভাল। ডাটা ক্লিনিং, এডিটিং কার্যক্রম চলমান রয়েছে, যা সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে সম্পন্ন হবে। উক্ত কাজ সম্পন্ন হলে ডাটা এনালাইসিস, টেবুলেশন ও রিপোর্ট প্রস্তুতির কাজ শুরু করা হবে। অক্টোবর ২০২৩ এ খসড়া রিপোর্ট প্রস্তুত এবং ডিসেম্বর ২০২৩ এ চূড়ান্ত রিপোর্ট প্রকাশের লক্ষ্যে কার্যক্রম চলমান। তিনি আরও জানান যে, Food Balance Sheet (FBS) প্রণয়নের জন্য চার পর্যায়ের প্রশিক্ষণ প্রয়োজন, FAO কর্তৃক এই প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে দুই পর্যায়ের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে, একই সাথে FBS তৈরির কার্যক্রম চলমান। FAO এর আগামী মিশন অক্টোবর ২০২৩ এ করার লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রয়েছে, উক্ত মিশনে FBS এর validation করা হবে। ডিসেম্বর ২০২৩ এর মধ্যে FBS চূড়ান্ত করা যাবে মর্মে আশা করা হচ্ছে।

৪.২ প্রকল্প পরিচালক সভায় আরও জানান যে, প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা। ২০২২-২৩ অর্থবছরে RADP বরাদ্দ ছিল ৩ কোটি ৪৪ লক্ষ টাকা, যার মধ্যে ১ কোটি ৬৯ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয় হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে ADP-তে ১ কোটি ৬৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৩ এ সমাপ্ত হবে বিধায় সকল কাজ সুসম্পন্ন করার লক্ষ্যে ADP বরাদ্দের অতিরিক্ত ১ কোটি টাকা প্রয়োজন। তিনি আরও জানান যে, DPP অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা থেকে ২০২২-২৩ অর্থবছরে ব্যয়িত ১ কোটি ৬৯ লক্ষ ৬৬ হাজার টাকা এবং ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দকৃত ১ কোটি ৬৬ লক্ষ টাকা বাদ দিয়ে ১ কোটি ৭৪ লক্ষ ৬৬ হাজার টাকা প্রাপ্যতা থাকলেও কম বরাদ্দ পাওয়া গিয়েছে। তাছাড়া স্থগিতাদেশের কারণে বৈদেশিক ভ্রমণ না হওয়া ও পরামর্শক নিয়োগ ছাড়াই কার্যক্রম সম্পন্ন করায় এই দুই খাতে অর্থ সাশ্রয় হবে। তবে প্রকল্পের অভ্যন্তরীণ ভ্রমণ ভাতা খাতে প্রয়োজনের তুলনায় বরাদ্দ কম থাকায় কিছুটা সমস্যা হচ্ছে। এক্ষেত্রে বর্ণিত ২টি খাত থেকে সমন্বয় করে অভ্যন্তরীণ ভ্রমণ ভাতা খাতে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।

৫.০ **আলোচনা:** এই পর্যায়ে সভাপতি কমিটি'র সদস্যদের আলোচনায় অংশ নিতে আহ্বান জানান।

৫.১ আলোচনায় অংশ নিয়ে কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন যে, বৈদেশিক ভ্রমণ ও কনসালটেশন খাতে কী পরিমাণ বরাদ্দ ছিল এবং তা থেকে কত টাকা অভ্যন্তরীণ ভ্রমণ ভাতা খাতে সমন্বয় করতে হবে তা উপস্থাপনায় থাকলে ভাল হতো। এই পর্যায়ে সভাপতি পরিপূর্ণ হিসাব সভায় উপস্থাপন না করে সিদ্ধান্ত চাওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে আর্থিক বিষয়ে পূর্ণাঙ্গ হিসাবসহ সভায় উপস্থিত থাকতে নির্দেশ প্রদান করেন।

৫.২ যুগ্মসচিব (উন্নয়ন) বলেন বৈদেশিক প্রশিক্ষণ ও পরামর্শক নিয়োগ হয়নি বিধায় এই দুইটি খাতে বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে সমন্বয় না করে সমর্পণ করা সমীচীন হবে। অভ্যন্তরীণ ভ্রমণ ভাতা খাতে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা থাকলে তা অন্যান্য খাতের অব্যয়িত অংশ থেকে সমন্বয় করা যেতে পারে।

৫.৩ মহাপরিচালক, বিবিএস আশ্বস্থ করেন যে, অভ্যন্তরীণ ভ্রমণ ভাতা খাতসহ অন্যান্য খাতে কোন চাহিদা আছে কিনা তা যাচাই-বাছাইপূর্বক আন্ত:খাত সমন্বয়ের প্রস্তাব দ্রুত প্রেরণ করা হবে।

৫.৪ সভাপতি কমিটির সদস্য সচিবকে উদ্দেশ্য করে জানতে চান প্রকল্পের ডাটা ক্লিনিং, এডিটিং কাজ সরেজমিন দেখা হচ্ছে কিনা, নিয়মিত এ কাজ তদারকির জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

৬.০ **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৬.১ Food Insecurity Experience Scale (FIES) জরিপ থেকে প্রাপ্ত ডাটা ক্লিনিং, এডিটিং, এনালাইসিস ইত্যাদি যথাযথভাবে সম্পন্ন করে ডিসেম্বর ২০২৩ এর মধ্যে চূড়ান্ত রিপোর্ট আনুষ্ঠানিকভাবে প্রকাশের ব্যবস্থা নিতে হবে। উপসচিব উন্নয়ন-২ অধিশাখা এ কার্যক্রম নিয়মিত তদারক করবেন।

৬.২ ADP বরাদ্দের অতিরিক্ত ১ কোটি টাকা বরাদ্দের স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।

৬.৩ অভ্যন্তরীণ ভ্রমণ ভাতা খাতে এ পর্যন্ত ব্যয়, অপরিশোধিত বিল এবং ভবিষ্যতে এ সংক্রান্ত কত ব্যয় হতে পারে তার আলোকে প্রয়োজনীয় চাহিদাসহ ১টি পূর্ণাঙ্গ হিসাব এবং আন্ত:খাত সমন্বয়ের প্রস্তাব অবিলম্বে প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনাপূর্বক যৌক্তিকতা থাকলে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় প্রস্তাব বিবেচনা করা যেতে পারে।

৬.৪ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সুসম্পন্ন করত নির্ধারিত সময়ে PCR দাখিল করতে হবে।

৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৯.০২৩

ড. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

২১ ভাদ্র ১৪৩০

নং-৫২.০০.০০০০.০০৯.০৬.০০৫.২২.২৩৪ তারিখ: ---------------------

০৫ সেপ্টেম্বর ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সদস্য, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা
৩. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা
৬. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
৮. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
৯. যুগ্মসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
১০. উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

১১. পরিচালক, এগ্রিকালচার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
১২. পরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১৩. পরিচালক, প্লানিং সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
১৪. প্রকল্প পরিচালক, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২, বিবিএস, ঢাকা

অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

জেসমীন আকতার
উপসচিব
☏৫৫০০৭০৭৭